



জাতীয় চক্ষুদান পক্ষ উদযাপন উপলক্ষে
মাননীয় স্বাস্থ্য সচিবের আবেদন

৩৩ তম জাতীয় চক্ষুদান পক্ষ ২৫ আগস্ট থেকে ৮ সেপ্টেম্বর ২০১৮ পালন করা হবে। এই উপলক্ষে আমাদের রাজ্যে বিভিন্ন জনসচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মনে রাখতে হবে প্রত্যেকেই মরণোত্তর চক্ষুদানের অঙ্গীকার করতে পারেন এমনকি যারা চশমা ব্যবহার করেন, যাদের ছানির অস্ত্রোপচার হয়েছে বা চোখে ছানি রয়েছে তাঁরাও মরণোত্তর চক্ষুদানের অঙ্গীকারবদ্ধ হতে পারেন। মৃত্যুর পর দান করা চক্ষু আই জি এম হাসপাতালের চক্ষু ব্যাঙ্কে সঠিকভাবে মজুত রাখা এবং প্রতিস্থাপনের ব্যবস্থাও রয়েছে। তাই একজন দৃষ্টিহীনকে দৃষ্টি ফিরিয়ে দিয়ে মৃত্যুর পরও আপনার চোখের মূল্যবান কর্নিয়াকে মহৎ কাজে ব্যবহার করুন। মৃত্যুর ৬ ঘণ্টার মধ্যে কর্নিয়া সংগ্রহ করতে হয়। তাই দাতার মৃত্যুর পর নিকটাত্মীয়দের যথাশীঘ্র চক্ষু ব্যাঙ্কে খবর দিতে হবে।

আমি রাজ্যের সর্বস্তরের জনসাধারণের কাছে মরণোত্তর চক্ষুদানে অঙ্গীকারবদ্ধ হতে এবং এক্ষেত্রে জনসচেতনতা বৃদ্ধিতে দায়বদ্ধ ভূমিকা গ্রহণ করতে আবেদন রাখছি।

সমরজিৎ ভৌমিক
২৪.৮.১৮

(সমরজিৎ ভৌমিক)

স্বাস্থ্য সচিব

ত্রিপুরা সরকার